

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয় : দুগ্ধ ভবন

১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।


স্মারক নং-মিই/প্রশা-৪৪/১৯৭৭/২৬২

তারিখ: ২৩ শ্রাবণ, ১৪২৬
০৭ আগস্ট, ২০১৯

দপ্তর আদেশ


আসন্ন পবিত্র ঈদ-উল- আযহা- ২০১৯ খ্রি: উপলক্ষে কর্তৃপক্ষের নির্দেশক্রমে মিল্ক ইউনিয়নের সকল দপ্তর/বিভাগ/শাখা/কারখানা ও এলাকা এবং দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র সমূহে নিম্নোক্তভাবে ঈদের ছুটি ঘোষণা করা হল:

- (ক) প্রধান কার্যালয় আগামী ১১-০৮-২০১৯ হতে ১৩-০৮-২০১৯ খ্রিঃ পর্যন্ত বন্ধ থাকবে (সরকার ঘোষিত ছুটি অনুযায়ী)।
- (খ) ঢাকা ডেইরী ও বিপণন বিভাগ আগামী ১২-০৮-২০১৯ খ্রিঃ হতে ১৪-০৮-২০১৯ খ্রিঃ পর্যন্ত বন্ধ থাকবে। বন্ধের সময় ঢাকাসহ বিভিন্ন দুগ্ধ কারখানার মেশিনারীজের সক্ষমতা বৃদ্ধি ও দুগ্ধ পণ্যের গুণগতমান কাংশিত পর্যায়ে রাখার জন্য টোটাল রক্ষণাবেক্ষন ও সিআইপি করা অত্যাৱশ্যক। এ'জন্য বিগত বছরের ন্যায় ০৩(তিন) দিন কারখানা বন্ধ থাকবে।
- (গ) সকল দুগ্ধ কারখানা/এলাকা আগামী ১১-০৮-২০১৯খ্রিঃ (সকাল ও বিকাল), ১২-০৮-২০১৯ খ্রিঃ (সকাল ও বিকাল), ১৩-০৮-২০১৯ খ্রিঃ (সকাল) অর্থাৎ মোট ০৫ বেলা দুগ্ধ সংগ্রহ কার্যক্রম বন্ধ থাকবে এবং ১৩-০৮-২০১৯ খ্রিঃ বিকাল বেলা হতে দুগ্ধ সংগ্রহ কার্যক্রম পূর্বের ন্যায় যথারীতি চালু হবে। সকল দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের মেশিনারীজ রক্ষণাবেক্ষনসহ সিআইপি করার জন্য বিগত বছরের ন্যায় ০৫ (পাঁচ) বেলা দুগ্ধ সংগ্রহ বন্ধ থাকবে।
- (ঘ) পবিত্র ঈদ উল আযহা-২০১৯ উপলক্ষে বিভিন্ন খুচরা দোকানদার কর্তৃক তাদের দোকান বন্ধ রাখার কারণে পূর্বের ন্যায় ঈদের দিন ও ঈদের পরের দুই দিন অর্থাৎ আগামী ১২-০৮-২০১৯ খ্রিঃ হতে- ১৪-০৮-২০১৯ খ্রিঃ পর্যন্ত মোট ০৩ দিন বাজারে দুগ্ধ সরবরাহ বন্ধ থাকবে এবং আগামী ১৫-০৮-২০১৯ খ্রিঃ যথারীতি দুগ্ধ সরবরাহ শুরু হবে। উক্ত তারিখে আনুমানিক ৫০,০০০ লিটার তরল দুধ বাজারজাত করা হবে। এ লক্ষ্যে উৎপাদন বিভাগ প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা রেখে ১৪-০৮-২০১৯ খ্রিঃ হতে তরল দুধ উৎপাদন কার্যক্রম চালু করার ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঙ) মিল্ক ইউনিয়নের বিক্রয় কেন্দ্রসমূহ ১১-০৮-২০১৯ তারিখ রাত ০৮-০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।



তোফায়েল আহম্মদ
(উপ-নিবন্ধক)

অতিরিক্ত মহাব্যবস্থাপক (প্রশাসন, সমিতি ও ক্রয়)
মিল্ক ইউনিয়ন



বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

১. মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি/পরিকল্পনা, কারিগরি ও বিপণন -অ:দা:);
২. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) -----
৩. উপ-মহাব্যবস্থাপক (সকল) -----
৪. ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)-----
৫. চেয়ারম্যান, মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সকল নোটিশ বোর্ড;
৮. অফিস নথি।